সমকাল

তারিখ 19 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

# ১৫৩ কৃতী শিক্ষার্থীর হাতে বৃত্তির চেক

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় পেয়েছেন জিপিএ ৫ পাওয়া ১৫৩ শিক্ষার্থীকে বৃত্তির চেক দিয়েছে জেলা পরিষদ। বুধবার দুপুরে জেলা পরিষদ মিলনায়তনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিভাগীয় কমিশনার হেলালুদ্দীন আহমদ।

নারায়ণগঞ্জ জেলা পরিষদ প্রশাসক আবদুল হাই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আনিসুর রহমান মিঞা। বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গাউছুল আজম, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মেরাজ হোসেন, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট আবুল কালাম আজাদ বিশ্বাস, সদর উপজেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা আফরোজা আক্তার চৌধুরী প্রমুখ। পরিষদের প্রশাসনিক কর্মকর্তা রাশেদুজ্জামান অনুষ্ঠান সঞ্চালনা করেন। কমিশনার হেলালুদ্দীন আহমদ বলেন, কৃতী শিক্ষার্থীদের এ বৃত্তির মাধ্যমে সম্মাননা দেওয়া হচ্ছে। এতে তারা উৎসাহিত হবে। ভবিষ্যতে এই শিক্ষার্থীরাই নেতৃত্ব দেবে।